


# বই আলোচনা



■ শিখ ধর্মগ্রন্থ 'গুরুগ্রন্থসাহিব'-এ রয়েছে মোট ৫৮৯৪টি শ্লোক। ২০০৪ সালে পঞ্জাবের মোহালিতে ভারতের ১১টি আঞ্চলিক ভাষায় এই ধর্মগ্রন্থটির অনুবাদ করার প্রয়াস নেওয়া হয়। বাংলা ভাষায় গ্রন্থটির সারাংশ 'জপজী

সাহিব' অনুবাদ করেছেন রঞ্জিকা রায়। বইটিতে রয়েছে নানক রচিত ৩৮টি পউড়ি এবং একটি শ্লোক। গুরুগ্রন্থসাহিব ছন্দে রচিত। ছন্দোবদ্ধ রচনাগুলি শাস্ত্রীয় সঙ্গীতের বিশেষ কয়েকটি রাগে গাওয়া হয়। এই ঐতিহ্যের অনুসরণে অনূদিত লেখাগুলিকেও সাজিয়েছেন অনুবাদক। পাশাপাশি, গুরুমুখী লিপি থেকে বাংলা লিপ্যন্তরে রেখেছেন মূল শব্দগুলিকেও। উৎস এবং অনুবাদ, দু'টিকেই দু'মলাটে দক্ষতার সঙ্গে সাজিয়েছেন লেখক।